দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 24 SEP 1995 ...
পৃষ্ঠা ... ৬ কলাম ... ৪ ......

22

ধারাবাহিক

# প্রসঙ্গ বাংলাদেশে প্রকৌশল শিক্ষা

ডঃ মাহবুব-উল-হক

ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্র কোথাও শুধুমাত্র পদার্থ বিজ্ঞান, রসায়ন শাস্ত্র ও গণিত এই তিনটি বিষয়ের উপর প্রণীত হয়। আবার কোথাও এ তিনটি বিষয়ের সাথে ইংরেজীকেও যোগ করা হয়। তা ছাড়া বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি ঢাকায় ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিত ছাড়াও ডিপ্লোমাস্তরে অধীত সংশ্লিষ্ট প্রকৌশলের বিষয় এবং বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে জীববিজ্ঞান ও সামগ্রিক বিজ্ঞান (Combined science) অন্তর্ভুক্ত হয়ে থাকে। প্রায় সব ক্ষেত্রেই ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা অনুযায়ী চূড়ান্তভাবে ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করা হয়। অনানুষ্ঠানিক পদ্ধতিতে ভর্তির জন্য কোন ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয় না। সংশ্লিষ্ট প্রার্থীর পূর্বযোগ্যতা, অভিজ্ঞতা এবং ইন্সটিটিউশনের একজন ফেলো ও প্রার্থীর আগেকার শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের সুপারিশের ভিত্তিতে ভর্তি করা হয়ে থাকে।

প্রকৌশলে স্নাতক পর্যায়ে ভর্তির বিষয়টি বিশ্লেষণ করলে দেখা যাবে, এ ক্ষেত্রেও বেশ কিছু অসামঞ্জস্যতা রয়েছে। যেমন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিতের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন এবং এই বিষয়গুলোর ভিত্তিতে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করা হয়ে থাকে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রাপ্ত সর্বমোট নম্বরের উপর ভিত্তি করে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণেযোগ্যদের তালিকা প্রণয়ন করা হয়। এ ক্ষেত্রে ভর্তি পরীক্ষার বিষয়বস্তুর মধ্যে পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিত ছাড়াও জীব বিজ্ঞান এবং সম্মিলিত বিজ্ঞান (Combined science) অন্তর্ভুক্ত। তবে পরীক্ষার্থীর জীব বিজ্ঞান ও গণিত-এর যে কোন একটি বেছে নেয়ার সুযোগ রয়েছে। বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি, রাজশাহী, চট্টগ্রাম ও খুলনায় ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিত ছাড়াও ইংরেজী অন্তর্ভুক্ত। পক্ষান্তরে বাংলাদেশ ইন্সটিটিউট অব টেকনোলজি ঢাকায় ভর্তি পরীক্ষায় প্রশ্নপত্রে পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিতের সাথে পরীক্ষার্থীর ডিপ্লোমা স্তরে অধীত সংশ্লিষ্ট প্রকৌশল বিষয় অন্তর্ভুক্ত। এ ধরনের তারতম্য না থাকাই যুক্তিযুক্ত বলে মনে হয়। পঠিতব্য বিষয় যেখানে অভিন্ন, সে ক্ষেত্রে ভর্তির জন্য যথাসম্ভব একই ধরনের পদ্ধতি অনুসরণ আরও ঈপ্সিত ও উপযুক্ত প্রার্থী নির্বাচনে কাঙ্ক্ষিত বলে মনে হয়।